



প্রযুক্তি ভিত্তিক শিক্ষাব্যবস্থা

যে ব্যবস্থার মাধ্যমে প্রযুক্তিকে ব্যবহার করে বিশেষ প্রয়োজনে বা গতানুগতিক পদ্ধতিতে শিক্ষার সুযোগ কে প্রতিফলিত করে বিভিন্ন প্রযুক্তিগত মাধ্যম দ্বারা শিক্ষাগ্রহণ করা সম্ভব হয় সেই ব্যবস্থাকে প্রযুক্তি ভিত্তিক শিক্ষাব্যবস্থা বলা যায়। বর্তমানে এমন একটা সময়ে আমরা আছি, যখন শিক্ষাব্যবস্থায় অভূতপূর্ব কিছু ধারণা উদ্ঘাটিত হচ্ছে, নতুন নতুন কৌশল তৈরি হচ্ছে। এসবই হচ্ছে তথ্যপ্রযুক্তির প্রসারের ফলে। প্রযুক্তিভিত্তিক শিক্ষার মাধ্যমে শিক্ষাকে টেকসই করে রাখা যায় এবং সকল ধরনের শিক্ষার্থীর শিখন-শেখানো কার্যক্রমে অংশগ্রহণের সুযোগ করে শিক্ষার্থীর নিকট আনন্দময়করে তোলা যায়।

স্মার্ট বাংলাদেশ বিনির্মানের লক্ষ্যে এবং চতুর্থ শিল্পবিপ্লবের প্রস্তুতি হিসেবে প্রশিক্ষণযোগ্য যুব জনগোষ্ঠীর ক্রয়ক্ষমতা এবং অন্তর্ভুক্তির বিষয়টি মাথায় রেখে শিক্ষাকে শতভাগ ডিজিটলাইজেশন করে শিক্ষার্থীদেরকে তথ্য প্রযুক্তির ব্যবহারের উপর প্রশিক্ষিত করে গড়ে তোলা এবং কৃষি, চিকিৎসা, শিল্প ইত্যাদি সকল ক্ষেত্রে শতভাগ তথ্য প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করা আবশ্যিক। ইন্টারনেটের মাধ্যমে প্রান্তিক অঞ্চল পর্যন্ত ডিজিটাল শিক্ষা পৌঁছে দেওয়া এখন সহজসাধ্য। অত্যাধুনিক প্রযুক্তির মাধ্যমে শিক্ষায় নতুন ধরনের অভিজ্ঞতা প্রদান করাও এখন সম্ভব। গতানুগতিক শিক্ষাব্যবস্থায় যে আমূল পরিবর্তন আসছে, তা এখন আর অস্বীকার করার কোনো উপায় নেই। ইন্টারনেট এখন শিক্ষক ও শিক্ষার্থীর জন্য বিশ্বকে অব্যাহত করে দিয়েছে। যে যেখানে আছে, সেখানে থেকেই পৃথিবীর যেকোনো উৎস থেকে যখন যেখানে যেভাবে ইচ্ছা শিক্ষামূলক তথ্য আহরণ করা সম্ভব হচ্ছে।

চতুর্থ শিল্পবিপ্লবের প্রস্তুতি হিসেবে পৃথিবীর বিভিন্ন উন্নত এবং উন্নয়নশীল দেশ ইতোমধ্যে বৃহত্তর জনগোষ্ঠীকে দক্ষ মানবসম্পদে রূপান্তরিত করার লক্ষ্যে প্রযুক্তিভিত্তিক শিক্ষার প্রতি সর্বাধিক গুরুত্ব আরোপ করেছে এবং সেসবদেশে দ্রুত সমৃদ্ধিরপথে এগিয়ে যাচ্ছে। প্রযুক্তিভিত্তিক শিক্ষার মাধ্যমে স্বল্প সময়ে বিপুল জনগোষ্ঠীকে দক্ষ মানবসম্পদে রূপান্তরিত করা সম্ভব। শিক্ষার্থীরা যাতে তাদের পূর্ণ সম্ভাবনার বিকাশ ঘটিয়ে দেশ এবং সমাজের জন্য একজন পূর্ণাঙ্গ ও উৎপাদনশীল সূ-নাগরিক এবং আলোকিত সাদা মনের মানুষ হয়ে গড়েওঠে এই লক্ষ্য ও উদ্দেশ্যকে সামনে রেখে আমি www.mahbubedu.com এই ওয়েব সাইটটি তৈরী করেছি।

একটি ভালো শিক্ষা হলো একটি ভালো দেশের মূল ভিত্তি। তাই আসুন আমরা সকলে মিলে এসডিজি এর ৪র্থ লক্ষ্যমাত্রা

(Quality Education) বাস্তবায়নের লক্ষ্যে স্ব স্ব বিষয়ে শিক্ষা মূলক ওয়েব সাইট তৈরি করি এবং ৪র্থ শিল্প বিপ্লবের মোকাবেলায় স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে প্রযুক্তি ভিত্তিক শিক্ষা ব্যবস্থা গড়ে তুলি।

মোঃ হাবিবুর রহমান

ইনস্ট্রাক্টর (পদার্থ)

কিশোরগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ।

www.mahbubedu.com